

# ওয়েবসাইটের হাত ধরে অনলাইনে স্কুলে ভর্তি

নিজস্ব সংবাদদাতা

এ বার নতুন ক্লাসে ভর্তির প্রক্রিয়া অনলাইনেই সেরে ফেলতে ইচ্ছুক অধিকাংশ বেসরকারি স্কুল। বেশ কয়েকটি স্কুল কর্তৃপক্ষ জানাচ্ছেন, ইতিমধ্যেই তাঁরা অনলাইনে ভর্তি শুরু করেছেন। করোনা পরিস্থিতিতে শুধু ভর্তি প্রক্রিয়াই নয়, পড়ায়াদের ইন্টারভিউও অনলাইনে করা যায় কিনা সে বিষয়ে ভাবনাচিন্তা করছে স্কুলগুলি। যে সব স্কুল এখনও নেটমাধ্যমে ততটা সড়গড় নয়, তাদের সহায়তা করছে আনন্দবাজার গোষ্ঠীর উদ্যোগ ‘অ্যাডমিশন ট্রি ডট ইন’।

শ্রী শিক্ষায়তনের মহাসচিব ব্রততী ভট্টাচার্য জানান, তাঁদের স্কুলে ভর্তির প্রক্রিয়া অনলাইনেই হয়। তাঁর মতে, করোনা পরিস্থিতি বুবিয়ে দিয়ে গেল ভবিষ্যতে অনলাইনে ভর্তির উপরই গুরুত্ব দিতে হবে স্কুলগুলিকে। ব্রততী বলেন, “অভিভাবকদের ধীরে ধীরে অনলাইনে ভর্তি হওয়ার প্রযুক্তির সঙ্গেই অভ্যন্তর হতে হবে। অনলাইনে ভর্তি অনেক বেশি সহজ ও স্বচ্ছ। এমনকি নতুন ক্লাসে ভর্তির সময় ইন্টারভিউও অনলাইনে ভিডিয়ো কলের মাধ্যমে হতে পারে। যে ভর্তি হচ্ছে তার মানসিক গঠন কেমন তা দেখার জন্য অনলাইনে সাইকোমেট্রিক

টেস্ট নেওয়া যেতে পারে।”

দিল্লি পাবলিক স্কুলের (নর্থ কলকাতা) প্রিসিপাল সুজাতা চট্টোপাধ্যায় জানান, ‘অ্যাডমিশন ট্রি ডট ইন’ ওয়েবসাইটের মাধ্যমে তাঁদের স্কুলে অনলাইনে ভর্তি হচ্ছে। সুজাতাদেবী বলেন, “আমাদের স্কুলে ৮৫ শতাংশ ভর্তি অনলাইনে হয়। যাঁরা অনলাইনে স্বচ্ছন্দ নন, তাঁদের জন্য অফলাইনে অর্থাৎ স্কুলে এসে ভর্তির ব্যবস্থাও রেখেছি। তবে ভবিষ্যতে অনলাইনে ভর্তির উপরেই বেশি গুরুত্ব দেওয়া হবে।” প্রায় একই কথা জানালেন দিল্লি পাবলিক স্কুল (রবি পার্ক) কর্তৃপক্ষ। তাঁরা জানালেন, ভর্তি পদ্ধতি তাঁরা অনলাইনেই করেন। কিন্তু ভর্তির লিখিত পরীক্ষা বা ইন্টারভিউ অবশ্য স্কুলে ডেকেই করানো হয়। তবে বর্তমানে করোনা পরিস্থিতি কোন দিকে যাচ্ছে তার উপর নির্ভর করছে আগামী বছর ভর্তির পরীক্ষা কী ভাবে নেবেন। স্কুলে আসার মতো পরিস্থিতি না-থাকলে অনলাইনে ইন্টারভিউ নেওয়ার ব্যবস্থাও হতে পারে। সাউথ প্রেস্ট স্কুলের ট্রান্স্ট্রোর্ডের সদস্য কৃষ্ণ দামানি জানালেন, ইন্টারভিউ বাদে পুরো ভর্তি প্রক্রিয়া অনলাইনেই হয়। শুধু ভর্তির ফর্মের একটি প্রতিলিপি এবং প্রয়োজনীয় সার্টিফিকেট স্কুলে

এসে অভিভাবকরা জমা দেন। কিন্তু এ বার ওই ফর্মও অনলাইনেই জমা দিতে বলা হবে। প্রয়োজনে ইন্টারভিউও অনলাইনে নেওয়ার ব্যবস্থা করা হবে।

নিউটাউন স্কুলের ডিরেক্টর সুনীল অগ্রবাল জানাচ্ছেন, তাঁদের স্কুলের পুরো পদ্ধতিই অনলাইনেই হচ্ছে। সুনীলবাবু বলেন, “বর্তমানে যা পরিস্থিতি তাতে অনলাইনে ভর্তি না-নিলে ভর্তি প্রক্রিয়াই তো থেমে যাবে। অনলাইনে ইন্টারভিউও পুরোপুরি স্বচ্ছতার সঙ্গে করা হয়।” লা মার্টিনিয়রের সচিব সুপ্রিয় ধর অবশ্য জানালেন, ভর্তি প্রক্রিয়া অনলাইনে হলেও ইন্টারভিউ অনলাইনে হওয়া কঠিন। সুপ্রিয়বাবু বলেন, “আমাদের ভর্তি প্রক্রিয়া অনলাইনে হয়। এ বারও হবে। কিন্তু ইন্টারভিউর সময় ছাত্র এবং অভিভাবকদের স্কুলে ডাকা হয়। না-হলে ইন্টারভিউতে ফাঁক থেকে যেতে পারে।” ন্যাশনাল ইঞ্জিনিয়ারিং স্কুলের প্রিসিপাল মৌসুমী সাহা এবং রামমোহন মিশন স্কুলের প্রিসিপাল সুজয় বিশ্বাস জানান, তাঁদের স্কুলের নার্সারিয়ে ভর্তির প্রক্রিয়া অ্যাডমিশন ট্রি ডট ইনের মাধ্যমেই করা হচ্ছে। সুজয়বাবু বলেন, “এই অ্যাডমিশন ট্রি ডট ইন এক বছরেই যথেষ্ট জনপ্রিয় হয়েছে।”